# রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

## ( রাজশাহী ওয়াসা )

**বিমানবন্দর সড়ক, আহম্মদনগর, রাজশাহী-৬২০৩**

www.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৬.৮১০০.০০১.০০.১২৬.১৬ - ৫০২ তারিখঃ ২৮/০৯/২০২০ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ স্থানীয় সরকার বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যে রাজশাহী ওয়াসার তথ্য প্রেরণ।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ, মনিটরিং-৩ শাখার ইউ ও নোট নং- ৪৬.০৯১.০১৬.০০.০০.০০২.২০১৪-২৮
তারিখঃ ০৪/০৮/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে রাজশাহী ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরের কার্যাবলী সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১১ প্রস্থ।

২৮/৯/২০২০
সুলতান আব্দুল হামিদ
ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী ওয়াসা, রাজশাহী
E-mail: rajshahiwasa@gmail.com

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**দৃষ্টি আকর্ষণঃ** শিপ্রা দত্ত
সিনিয়র সহকারী সচিব
মনিটরিং-৩ শাখা
স্থানীয় সরকার বিভাগ

# রাজশাহী ওয়াসার বার্ষিক প্রতিবেদন

**মন্ত্রণালয়/বিভাগের নামঃ স্থানীয় সরকার বিভাগ।** **আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা : ৬ টি**

**প্রতিবেদনাধীন বছর ২০১৯-২০২০** **প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ২৩/০৯/২০২০ খ্রিষ্টাব্দ।**

**(১) প্রশাসনিক**

## রাজশাহী ওয়াসা

১। **ভূমিকা:** রাজশাহী মহাননগরবাসীর চাহিদা অনুযায়ী নিরাপদ পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার যথাযথ পরিচালন ও রক্ষণাবেক্ষণের লক্ষে বহুমুখী পরিকল্পনা গ্রহণ ও তদালোকে গৃহীত রাজস্ব ও উন্নয়ন কর্মকান্ডসমূহের বাস্তবায়নের মাধ্যমে রাজশাহী ওয়াসা মহানগরবাসীর জন্য উন্নত পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন সেবা নিশ্চিত করতে সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে।

২। **পানি সরবরাহের বিবর্তনের ইতিহাস :** রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ ব্যবস্থা চালু করা হয় ১৯৩৭ইং সালে। সুপেয় জল শহরবাসীর কাছে পৌঁছে দেয়ার জন্য জন বসতি ও গুরুত্বপূর্ণ এলাকার রাস্তার পার্শ্বে স্থাপন করা হয়েছিল সিমেন্টের তৈরী বৃহৎ আকারের শতাধিক রিজার্ভার, যা 'ঢপকল' নামে সুপরিচিত। সে সময় ভূগর্ভস্থ ক্ষার পানিকে বিভিন্ন ভৌত-রাসায়নিক প্রক্রিয়ায় পরিশোধন করে জীবাণুনামুক্ত মৃদু পানি উৎপাদন করা হতো, এর পর পাইপলাইনের মাধ্যমে নগরবাসীর জন্য সরবরাহ করা হতো। উক্ত 'ঢপকল' গুলোর ধারণ ক্ষমতা ছিলো ২০০০ লিটার। নগরীর হেতমখাঁয় অবস্থিত দৈনিক ৭০০ ঘনমিটার ভূ-গর্ভস্থ পানি শোধন ক্ষমতা সম্পন্ন রাণী হেমন্তকুমারী ওয়াটার ওয়ার্কস ১৯৬৫ সালে পরিত্যক্ত হয়। পরবর্তীতে পাকিস্তান আমলে ১৯৬১ইং সালের পর হতে বাংলাদেশ সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর রাজশাহী মহানগরীতে পানিসরবরাহ ব্যবস্থার উন্নয়নমূলক কাজ হাতে নেয় এবং কিছুটা উন্নয়ন করে। কিন্তু এই ব্যবস্থাপনায় সীমিত আকারে সার্বক্ষনিক পানি সরবরাহ ব্যবস্থা চালু ছিল। পরবর্তীতে এই মহানগরীর জন্য ১৯৮০ইং সালের পর ডাচ সাহায্যপুষ্ট একটি প্রকল্প হাতে নেওয়া হয়। সেই প্রকল্পের আওতায় উচ্চ জলাধার নির্মাণ করতঃ পানি সরবরাহ ব্যবস্থাপনায় উন্নয়নের প্রয়াস নেয়া হয়। উল্লেখ্য ডাচ সাহায্য পুষ্ট প্রকল্পটি সীমিত আকারে থাকার কারণে নগরীর জনগণের পর্যাপ্ত পানির চাহিদা পূরণে যথেষ্ট ছিলনা। এর প্রায় ১০ বছর পর সিটি কর্পোরেশন নিজের উদ্যোগে কিছু উৎপাদক নলকূপ খনন ও পাইপ লাইন স্থাপন কাজ সম্পন্ন করে। এটিও ছিল নগরীর ক্রমবর্ধমান জনগণের তাৎক্ষনিক চাহিদা পূরণের জন্য একটি সীমিত ব্যবস্থা মাত্র। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জিওবি অর্থায়নে ১৯৯৪ সালে রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ পয়:নিষ্কাশন, নর্দমা এবং বর্জ্য ব্যাবস্থাপনার ওপর সম্ভাব্যতা যাচাই এবং মাহাপরিকল্পনা (মাষ্টারপ্ল্যান) প্রণয়ন করা হয়েছিল। পরবর্তীতে ১৯৯৬ইং সালে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক রাজশাহী মহানগরীতে পানি সরবরাহ প্রকল্প হাতে নেওয়া হয়। এই প্রকল্পের আওতায় শ্যামপুরস্থ শহীদ এ.এইচ.এম. কামারুজ্জামান পানি শোধনাগার, ৩০টি উৎপাদক নলকুপ এবং ২৩১.৪৮ কিঃমিঃ পাইপ লাইন স্থাপন করা হয়। পরবর্তীতে রাজশাহী সিটি কর্পোরেশনভুক্ত এলাকার জন্য ১ আগস্ট, ২০১০ তারিখে রাজশাহী ওয়াসা প্রতিষ্ঠিত হয়। রাজশাহী ওয়াসা প্রতিষ্ঠিত হওয়ার পর জিওবি অর্থায়নে ২টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়িত হয়, যার মাধ্যমে জনসংখ্যার ভিত্তিতে পানি সরবরাহের কাভারেজ ৫৬% হতে ৮৪% উন্নীত করা হয়।

৩। **লক্ষ ও উদ্দেশ্য:** রাজশাহী শহরের নগরবাসীর মধ্যে সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে সরকার রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (রাজশাহী ওয়াসা) প্রতিষ্ঠা করেছে। রাজশাহী ওয়াসা রাজশাহী নগরবাসীদের জন্য উৎপাদক নলকূপ, ভূ-উপরিস্থিত পানি শোধনাগার ও পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ সুপেয় পানি সরবরাহ, স্ট্রীট হাইড্রেন্ট এর মাধ্যমে পানি সরবরাহ এবং বিশেষ প্রয়োজনে গ্রাহকের চাহিদার পরিপ্রেক্ষিতে ওয়াটার ট্যাংকারের মাধ্যমে পানি সরবরাহের ব্যবস্থা করে থাকে।

**রাজশাহী শহরের সংক্ষিপ্ত বিবরণী :**

রাজশাহী শহর বাংলাদেশের উত্তর-পশ্চিম অঞ্চলে পদ্মা নদীর তীরে অবস্থিত এবং বাংলাদেশের আটটি বিভাগীয় সদর দপ্তরের মধ্যে অন্যতম একটি শহর। ইহা বাংলাদেশের ১২টি সিটি কর্পোরেশনের একটি। অত্র অঞ্চলটি দক্ষিণে পদ্মানদী, উত্তর এবং পশ্চিমে পবা উপজেলা এবং পূর্বে চারঘাট উপজেলা দ্বারা পরিবেষ্টিত। রাজশাহী পৌরসভা ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। ইহা তদানীন্তন অখন্ড ভারতের প্রথম পৌরসভা গুলোর মধ্যে একটি। ১৯৮৭ সালে রাজশাহী পৌরসভা ৪৮.৪৭ বর্গ .কি.মি এলাকা নিয়ে সিটি কর্পোরেশনে রুপান্তরিত হয়। বর্তমানে পৌর এলাকা বৃদ্ধি পেয়ে ৯৩.৪৭ বর্গ কি.মি উন্নীত হয়েছে। এখানে শিল্প প্রতিষ্ঠান তেমন গড়ে না উঠলেও অনেক উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। রাজশাহী অঞ্চলে ব্যাপক রেশম চাষ পরিলক্ষিত হয় এবং বাংলাদেশের একমাত্র রেশম গবেষণাগারটিও রাজশাহী নগরীতে অবস্থিত বিধায় রাজশাহী শহরকে রেশম ও শিক্ষা নগরী বলা হয়। রাজশাহী সিটি কর্পোরেশনের বর্তমান জনসংখ্যা (বস্তি ও ভাসমান জনগোষ্ঠি সহ) প্রায় ৯ লক্ষ। এই শহরটির দৈঘ¨ ১২ কি.মি. এবং প্রস্থ ৮ কি.মি.।

| | | |
|---|---|---|
| ওয়াসার অন্তর্ভূক্ত এলাকা | | ১০৪.১৫ বর্গ কিলোমিটার |
| ওয়ার্ডের সংখ্যা | | ৩০ |
| মহল্লার সংখ্যা | | ১৬৬ |
| হোল্ডিং সংখ্যা | | ৫৮,৩১২ টি |
| House hold সংখ্যা | | ৯৩,৩০০টি |
| House hold সাইজ | | ৪.৮২ |
| হোল্ডিং প্রতি গড়ে House hold এর সংখ্যা | | ১.৬ |
| জনসংখ্যা | জনসংখ্যা | ৫,৫১,৬৩০ জন (প্রজেক্টেড্)<br>৪,৪৯,৭৫৬ জন ( ২০১১ইং) |
| | জনসংখ্যা বৃদ্ধির হার | ১.৪৭ % |
| আবহাওয়া | তাপমাত্রা | ৭°সে. হতে ৪১°সে. |
| | বার্ষিক গড় বৃষ্টিপাত | ১৪৩৮মি.মি., যা জাতীয় গড় ২৩২০মি.মি. এর চেয়ে কম |
| পরিবেশ | বর্জ ব্যবস্থাপনা | ৩০০ টন/দিন |
| | স্যানিটেশন কাভারেজ | ৯২% |
| | ড্রেনেজ ব্যবস্থাপনা | মহানগরীর ৭০% এরিয়া |

দেশের জাতীয় উন্নয়ন পরিকল্পনা, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও যমুনা সেতুর উপকারিতা বিবেচনা করে আশা করা যায় যে রাজশাহী উত্তরাঞ্চলে অর্থনৈতিক ও জনসংখ্যা প্রতিপাদনে আগামী ২০ বছরের মধ্যে রাজশাহী শহর অন্যতম গুরুত্বপূর্ণ একটি শহর হিসেবে পরিগণিত হবে। দ্রুত পরিবর্তনশীল নগরায়ন প্রেক্ষাপটে রাজশাহী শহরের গুণগত স্বাস্থ্য সংশ্লিষ্ট বিষয়সমূহ চিহ্নিত করা ক্রমশ কঠিন

হয়ে পড়ছে। অপরদিকে উন্নয়নের পথে অন্তরায়/ বাঁধাসমূহ কাটিয়ে উঠার ক্ষেত্রে প্রয়োজনীয় নগর সেবা এবং বিদ্যমান সম্পদ এই দুয়ের মধ্যে একটি বড় ব্যবধান তৈরী হচ্ছে ও সমন্বয়সাধন করা কঠিন হয়ে পড়ছে। এই প্রয়োজনীয় নগর সেবা বহুলাংশে নির্ভর করে পয়:নিষ্কাশনের গুণগত উন্নতি এবং বিশুদ্ধ খাবার পানি সরবরাহের উপর।

**রাজশাহী মহানগরীর পানি সরবরাহের বর্তমান অবস্থা:**

**সাধারণ তথ্য :**

মোট জনসংখ্যা : ৫,৫১,৬৩০ জন

পানির চাহিদা : ১১৩২৯০ ঘনমিটার/দিন (১১৩.২৯ এমএলডি) (দৈনিক ১১.৩৩ কোটি লিটার)

পানির গ্রাহক সংখ্যা : ৪৫,১৩০টি

জনবলের সংখ্যা : ২৯৭ জন

বাৎসরিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ব্যয় : ২২২৭.৫৩ লক্ষ টাকা

বৈদ্যুতিক বিল : ৬৬৪.০৯ লক্ষ টাকা

জনবল ব্যয় : ৮১৮.১৪ লক্ষ টাকা

অন্যান্য ব্যয় : ৭৪৫.৩০ লক্ষ টাকা

বাৎসরিক পানির বিল (চাহিদা) : ৭৮২.৪৩ লক্ষ টাকা

বাৎসরিক আয় : ৫০৭.৪২ লক্ষ টাকা

**উৎপাদন ও বিতরণ :**

মোট পানি উৎপাদন : ৯৯০০০ ঘন মিটার/দিন (৯৯.০০ এমএলডি) (দৈনিক ৯.৯ কোটি লিটার)

ভূগর্ভস্থ পানি উৎপাদন – ৯৩.০০ এমএলডি (৯৪%)

ভূ-উপরিস্থিত পানি উৎপাদন – ৬.০০ এমএলডি (৬%)

পানি সরবরাহ পাইপ লাইন নেটওয়ার্ক : ৭১২.৫০ কিঃমিঃ

উৎপাদক নলকূপের সংখ্যা : ১১০ টি

দৈনিক জনপ্রতি পানির উৎপাদন : ২০৫ লিটার

**পানি সেবা :**

পানি সরবরাহের আওতাভূক্ত জনসংখ্যা : ৪,৬৩,৩৭০ জন

পানি বিক্রয়ের পরিমাণ : ৬১০৪০ ঘনমিটার/দিন (৬১.০৪ এমএলডি) (দৈনিক ৬.১০ কোটি লিটার)

**সেবা নির্দেশিকা :**

পানির মোট কাভারেজ (জনসংখ্যা ভিত্তিক) : ৮৪%

পানি প্রাপ্যতা (সরবরাহের সময়কাল) : ১২ ঘন্টা/দিন

দৈনিক জন প্রতি পানির ব্যবহার : ১৩৫.৭০ লিটার

পয়ঃনিষ্কাশন কাভারেজ : ০%

**কর্মদক্ষতা নির্দেশিকা:**

নন-রেভিনিউ ওয়াটার (NRW) : ৩৩.৭৮ %

পরিচালনা অনুপাত (Operating Ratio) : ৩.৫৭

পানির ট্যারিফ আদায়ের হার : ৫০.০৮%

জনবল/১০০০ পানি সংযোগ : ৭.০৮

**(ক) ১.** (২০১৯-২০২০) অর্থ বছরে নিয়োগ প্রদান সংক্রান্ত তথ্য

| সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছরে নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| রাজশাহী ওয়াসা | - | - | - | |

২. (২০১৯-২০২০) অর্থ বছরে পদোন্নতি প্রদান সংক্রান্ত তথ্য

| সংস্থার নাম | প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| রাজশাহী ওয়াসা | ৭ | ২৪ | ৩১ | |

৩. (২০১৯-২০২০) অর্থ বছরে বদলী প্রদান সংক্রান্ত তথ্য

| ক্রঃ নং | নাম ও রেজিঃ নং | বর্তমান কর্মস্থল | বদলি কৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ১. | এ,কে,এম আমিরুল ইসলাম<br>পরিচিতি নং-৭৭৫৯ (প্রেষণে নিয়োজিত) | রাজশাহী ওয়াসা, রাজশাহী | রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ২. | মির্জা ইমাম উদ্দিন<br>পরিচিতি নং-১৭৩৫৫ (প্রেষণে নিয়োজিত) | রাজশাহী ওয়াসা, রাজশাহী | উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ |

৪. (২০১৯-২০২০) অর্থ বছরে বিভাগীয় ব্যবস্থা সংক্রান্ত তথ্য নাই।

৫. (২০১৯-২০২০) অর্থ বছরে পদায়ন ও প্রশাসনিক কার্যক্রম প্রদান সংক্রান্ত তথ্য

(২০১৯-২০২০) অর্থ বছরে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন

| ক্রঃ নং | প্রশিক্ষণ কর্মসূচির নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা /এজেন্সীর নাম | রাজশাহী ওয়াসা থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ১৭-২০ নং গেডের কর্মচারীদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ কোর্স | ০১ দিন | রাজশাহী ওয়াসা | ২০ জন |
| ২. | পি.পি.আর বিষয়ক প্রশিক্ষণ | ০৩ দিন | রাজশাহী ওয়াসা | ১৯ জন |
| ৩. | মৌলিক প্রশিক্ষণ কোর্স | ০৫ দিন | রাজশাহী ওয়াসা | ২০ জন |

(২০১৯-২০২০) অর্থ বছরে সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য

| দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা | সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| - | - |

(খ) ২০১৯-২০২০ অর্থ বছরে স্থাপিত উৎপাদন নলকূপের সংখ্যা ১০ টি।

(গ) ২০১৯-২০২০ অর্থ বছরে রাজশাহী ওয়াসাতে নতুন কোন কর্তৃপক্ষের পদ সৃষ্টি হয় নি।

(ঘ) ২০১৯-২০২০ অর্থ বছরে রাজশাহী ওয়াসার অধীনে গৃহীত নতুন প্রকল্পের পদসৃষ্টি/সংরক্ষণ/মেয়াদবৃদ্ধিকরণ সংক্রান্ত নেই।

(ঙ) ২০১৯-২০২০ অর্থ বছরে অর্থ ছাড়ের বিবরণ।

রাজশাহী ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত আবর্তক অনুদান খাত ও মূলধন অনুদান খাতের বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী রাজশাহী ওয়াসার অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ১ম কিস্তির সর্বমোট ৬ (ছয়) কোটি টাকা ছাড়।

| অর্থনৈতিক গ্রুপ/কোর্ড | বিবরণ | মোট টাকা বাজেট-(২০১৯-২০) |
|---|---|---|
| ৩৬৩১ | আবর্তক অনুদান | - |
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৯১,৮৩,২৫০.০০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৪৭,৮৬,০০০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৩,২৮,৯১,২৫০.০০ |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ১০,৫০০.০০ |
| | আবর্তক অনুদান মোট | ৪,৬৮,৭১,০০০.০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | - |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ২৩,৫৬,২৫০.০০ |
| ৩৬৩২১০৪ | ভবন ও স্থাপনা নির্মান অনুদান | ৪৫,৯৭,৭৫০.০০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অনুদান | ৬,২৫,০০০.০০ |
| ৩৬৩২১০৬ | অন্যান্য মূলধন অনুদান | ৫৫,৫০,০০০.০০ |
| | মূলধন অনুদান মোট | ১,৩১,২৯,০০০.০০ |
| | মোট (আবর্তক অনুদান+মূলধন অনুদান) | ৬,০০,০০,০০০.০০ (ছয় কোটি টাকা) |

রাজশাহী ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত আবর্তক অনুদান খাত ও মূলধন অনুদান খাতের বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী রাজশাহী ওয়াসার অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২য় কিস্তির সর্বমোট ৬ (ছয়) কোটি টাকা ছাড়।

| অর্থনৈতিক গ্রুপ/কোর্ড | বিবরণ | মোট টাকা বাজেট-(২০১৯-২০) |
|---|---|---|
| ৩৬৩১ | আবর্তক অনুদান | - |
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৯১,৮৩,২৫০.০০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৪৭,৮৬,০০০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৩,২৮,৯১,২৫০.০০ |

| | | |
|---|---|---|
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ১০,৫০০.০০ |
| | আবর্তক অনুদান মোট | ৪,৬৮,৭১,০০০.০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | - |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ২৩,৫৬,২৫০.০০ |
| ৩৬৩২১০৪ | ভবন ও স্থাপনা নির্মান অনুদান | ৪৫,৯৭,৭৫০.০০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অনুদান | ৬,২৫,০০০.০০ |
| ৩৬৩২১০৬ | অন্যান্য মূলধন অনুদান | ৫৫,৫০,০০০.০০ |
| | মূলধন অনুদান মোট | ১,৩১,২৯,০০০.০০ |
| | মোট (আবর্তক অনুদান+মূলধন অনুদান) | ৬,০০,০০,০০০.০০ (ছয় কোটি টাকা) |

রাজশাহী ওয়াসার ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত আবর্তক অনুদান খাত ও মূলধন অনুদান খাতের বরাদ্দকৃত বিভাজন অনুযায়ী রাজশাহী ওয়াসার অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ৩য় কিস্তির সর্বমোট ৪,৫১,০০,০০০(চার কোটি একান্ন লক্ষ) টাকা ছাড়।

| অর্থনৈতিক গ্রুপ/কোর্ড | বিবরণ | মোট টাকা |
|---|---|---|
| ৩৬৩১ | আবর্তক অনুদান | - |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৪৭,৫০,০০০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৩,২৮,৫০,০০০.০০ |
| | উপমোট আবর্তক অনুদান | ৩,৭৬,০০,০০০.০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | - |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ২৩,৫০,০০০.০০ |
| ৩৬৩২১০৪ | ভবন ও স্থাপনা নির্মান অনুদান | ৪৫,৫০,০০০.০০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অনুদান | ৬,০০,০০০.০০ |
| | উপমোট মূলধন অনুদান | ৭৫,০০,০০০.০০ |
| | মোট (আবর্তক অনুদান+মূলধন অনুদান) | ৪,৫১,০০,০০০.০০ (চার কোটি একান্ন লক্ষ টাকা) |

রাজশাহী ওয়াসার অনুকূলে ২০১৯-২০ অর্থবছরে সংশোধিত অনুন্নয়ন রাজস্ব বাজেটের আওতায় আবর্তক অনুদান খাতে (কোড নং-৩৬৩১) ও মূলধন অনুদান খাতে (কোড নং-৩৬৩২) সর্বমোট ২৪,০০,০০,০০০.০০ (চব্বিশ কোটি) টাকা বরাদ্দ প্রদান করা হয়। এমতাবস্থায়, সূত্রোস্থ স্মারক সমুহের আলোকে রাজশাহী ওয়াসার অনুকূলে ৪র্থ কিস্তির সর্বমোট= ৭,৪৯,০০,০০০.০০ (সাত কোটি উনপঞ্চাশ লক্ষ) টাকা ছাড়।

| অর্থনৈতিক গ্রুপ/কোড | বিবরণ | মোট টাকা |
|---|---|---|
| ৩৬৩১ | আবর্তক অনুদান | - |
| ৩৬৩১১০১ | বেতন বাবদ সহায়তা | ৩৪,৫১,৫০০.০০ |
| ৩৬৩১১০২ | ভাতাদি বাবদ সহায়তা | ৫৩,৩৭,০০০.০০ |
| ৩৬৩১১০৩ | পণ্য ও সেবা বাবদ সহায়তা | ৩,৫৪,১৩,৫০০.০০ |

| | | |
|---|---|---|
| ৩৬৩১১০৪ | পেনশন ও অবসর সুবিধা সহায়তা | ১,২০,৫৭,০০০.০০ |
| ৩৬৩১১৯৯ | অন্যান্য অনুদান | ২১,০০০.০০ |
| | উপমোট আবর্তক অনুদান | ৫,৬২,৮০,০০০.০০ |
| ৩৬৩২ | মূলধন অনুদান | - |
| ৩৬৩২১০২ | যন্ত্রপাতি অনুদান | ৯৯,৩৭,৫০০.০০ |
| ৩৬৩২১০৪ | ভবন ও স্থাপনা নির্মাণ অনুদান | ৮০,৩২,৫০০.০০ |
| ৩৬৩২১০৫ | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি অনুদান | ৬,৫০,০০০.০০ |
| | উপমোট মূলধন অনুদান | ১,৮৬,২০,০০০.০০ |
| | মোট আবর্তক ব্যয় (আবর্তক অনুদান+মূলধন অনুদান) | ৭,৪৯,০০,০০০.০০ (সাত কোটি উনপঞ্চাশ লক্ষ টাকা) |

(চ) ২০১৯-২০ অর্থ-বছরে রাজশাহী ওয়াসাতে কোন আইন/বিধি/পরিপত্র জারি হয় নি।

(ছ). ২০১৯-২০ অর্থ-বছরে অন্যান্য বিশেষায়িত কার্যক্রম।

কোভিড-১৯ এবং সাম্প্রতিক বন্যা পরিস্থিতি সংক্রান্ত তথ্য।

রাজশাহী ওয়াসায় কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে অফিস কার্যক্রম ও পানি সরবরাহ সেবা প্রদান করা হচ্ছে। বর্তমানে রাজশাহী ওয়াসায় ০২ জন কর্মকর্তা ও ০২ জন কর্মচারী কোভিড-১৯ পজেটিভ রয়েছে, তারা স্ব-স্ব ক্ষেত্রে আইসোলেশনে/ চিকিৎসাধীন রয়েছে। এখন পর্যন্ত কোভিড-১৯ আক্রান্ত হয়ে কেউ মারা যাননি। কোভিড-১৯ এবং সাম্প্রতিক বন্যা পরিস্থিতি সংক্রান্ত তথ্য নিম্নরুপ।

(০১) কোভিড-১৯ পরিস্থিতিঃ

ক) রাজশাহী ওয়াসা তাদের সকল ১০৩টি পাম্প চালু রেখে নগরবাসীকে সেবা প্রদান অব্যহত রেখেছে।

খ) নগরীর ০২ (দুই) টি জনবহুল পয়েন্টে এবং ওয়াসা ভবনে ‘হাত ধোয়া কর্মসূচী’ চলমান রয়েছে।

গ) সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে নগরীর সড়ক গুলিতে জীবাণুনাশক স্প্রে কার্যক্রম অব্যাহত আছে।

ঘ) সচেতনতামূলক কার্যক্রম হিসেবে লিফলেট বিতরণ ও বোর্ড স্থাপন করা হয়েছে।

ঙ) ৫০০০ টি সার্জিকাল মাস্ক, ৩৫০টি ওয়াসযগ্যে মাস্ক , ৪০০ সেট হ্যান্ড গ্লোবস, ৫০টি স্যানিটাইজার, ১০ টি স্যাভলোন জীবাণু নাশক স্প্রে বিতরন করা হয়েছে।

চ) করোনা দূর্যোগ মোকাবেলায় ২৪০ জন কে ০৭ কেজি চাল, ০২ কেজি আলু, ০১ কেজি ডাল, ০১ লিটার তেল, ০১ টি সাবান এর সমন্বয়ে ২৪০ টি প্যাকেট বিতরন করা হয়েছে।

ছ) পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ৫০০ গ্রাম সেমাই, ০১ কেজি চিনি, ০১ কেজি পোলাউ চাউল (চিনিগুড়া), ০৫ কেজি চাউল (২৮), ০১ কেজি লবন, ০১ লিটার সোয়াবিন তেল, ০১ কেজি ডাউল (মসুর) এর সমন্বয়ে ২৪০ জন কে প্যাকেট বিতরন করা হয়েছে।

(০২) সাম্প্রতিক বন্যা পরিস্থিতিঃ রাজশাহী মহনগরী এলাকা বন্যা মুক্ত থাকায় পরিস্থিতি স্বাভাবিক রয়েছে।

(০৩) বিবিধঃ রাজশাহী ওয়াসার কর্মকর্তা/কর্মচারীগণ মহামারী করোনা সত্ত্বেও নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। করোনা ছুটি কালীন সকল কর্মকর্তা/কর্মচারী জীবনের ঝুঁকি নিয়ে দৈনন্দিন দায়িত্ব পালন করেছেন।

জ). ২০১৯-২০ অর্থ-বছরে রাজশাহী ওয়াসাতে উল্লেখযোগ্য বিষয়।

২০১৯-২০ অর্থ বছরে রাজস্ব আয়ের খাতভিত্তিক বিবরণী :

| খাত | অর্জন | বকেয়া | বকেয়া আদায়ে গৃহীত ব্যবস্থা |
|---|---|---|---|
| পানির বিল ও গভীর নলকূপ হতে রাজস্ব | ২.১০ কোটি টাকা | ২.৬৫ কোটি টাকা | ❖ বকেয়া আদায়ের লক্ষ্যে টেলিফোনে গ্রাহকের সাথে যোগাযোগ।<br>❖ কম্পিউটারাইজড বিল প্রদান।<br>❖ বকেয়া পানির বিল পরিশোধের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি, হ্যান্ডবিল এবং মাইকিং করা ইত্যাদি।<br>❖ সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করা। |
| পানির সংযোগ ফি | ৩৪.২৩ লক্ষ টাকা | - | |
| দরপত্র/সিডিউল বিক্রয় | ১৫০০০/= | - | |
| বিবিধ (পানি সংযোগ আবেদন ফরম, নাম পরিবর্তন ফি ও বিবিধ) | ৪৯.০৮৯ লক্ষ টাকা | - | |

রাজশাহী ওয়াসার চলমান প্রকল্পসমূহঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ /সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | প্রকল্পের বর্তমান অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | "রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগার"<br><br>মোট প্রকল্প ব্যয় : ৪০৬২২২.৭৭ লক্ষ টাকা<br>জিওবি : ১৭৪৮৬৩.৩৯ লক্ষ টাকা<br>প্রকল্প সাহায্য : ২৩১৩৫৯.৩৮লক্ষ টাকা<br>বাস্তবায়ন কাল :০১ জুলাই ২০১৮ – ৩০ জুন ২০২২ | ✓To ensure customer satisfaction according to water demand up to 2030 through increasing population coverage by water supply from 71 % to 100%, average daily consumption from 65 lpcd to 140 lpcd & improving water quality by producing 200 MLD potable water.<br>✓ To make the water supply system sustainable through improvement of water resource management by 100% water supply from surface water sources. | প্রকল্পটি বর্তমানে চায়না এক্সিম ব্যংকের সাথে ঋণচুক্তি সম্পাদনের অপেক্ষাধীন আছে। |

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম/অর্থায়নের উৎস/ আর্থিক সংশ্লেষ/সমাপ্তিকাল | প্রকল্পের উদ্দেশ্য | অংগের নাম | লক্ষ্যমাত্রা (২০১৯-২০অর্থ বছর) | | অগ্রগতি (২০১৯-২০অর্থ বছর) | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | বাস্তব | আর্থিক | বাস্তব | আর্থিক |
| ২ | **"রাজশাহী ওয়াসার ভূ-উপরিস্থিত পানি শোধনাগারের জন্য জমি অধিগ্রহণ"**<br><br>মোট প্রকল্প ব্যয় : ৭৮৬৯.১৮ লক্ষ টাকা<br>জিওবি : ৭৮৬৯.১৮ লক্ষ টাকা<br>প্রকল্প সাহায্য : ০.০ টাকা<br>বাস্তবায়ন কাল : (জুলাই ২০১৯- জুন ২০২০) | রাজশাহী ওয়াসার ভূপরিস্থ পানি শোধনাগার নির্মাণের জন্য ৫২.০০৪৮ একর জমি অধিগ্রহণ করা। | জমি অধিগ্রহণ | ৫২.০০৪৮ একর | ১১২৫.০২ | ১০০% | ৯০৪৮.৭২ |
| | | | জমির সীমানা নির্ধারণ পিলার নির্মাণ | থোক | ১৫ | ১০০% | ৭.৯৮ |
| | | | সম্মানী | থোক | .৫ | ১০০% | .৫ |
| | | | পেট্রোল ওয়েল ও লুব্রিকেন্ট | থোক | ১.৭৩ | ১০০% | .২৪ |
| | | | মুদ্রন ও বাধাই | থোক | ৪.০০ | ১০০% | ২.৫৯ |





"হনান কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং গ্রুপ কর্পোরেশন (HCEG), চায়না" এর আমন্ত্রণে ভূপরিস্থ পানি শোধনাগার নির্মাণের লক্ষ্যে গঠিত "রাজশাহী ওয়াসা নেগোশিয়েশন টিম" এর সদস্যগণকর্তৃক HCEG নির্মিত চায়নাস্থ ভূপরিস্থ পানি শোধনাগার পরিদর্শণ।



"রাজশাহী ওয়াসা ভূপরিস্থ পানি শোধনাগার" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষে গভর্নর, হুনান প্রদেশ, চায়নার সাথে তাঁর কার্যালয়ে "রাজশাহী ওয়াসা নেগোশিয়েশন টিম" এর সৌজন্য সাক্ষাৎ।



"রাজশাহী ওয়াসা ভূপরিস্থ পানি শোধনাগার" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের বিষয়ে "হুনান কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিং গ্রুপ কর্পোরেশন (HCEG), চায়না" এর সাথে তাদের কার্যালয়ে অনুষ্ঠিত "রাজশাহী ওয়াসা নেগোশিয়েশন টিম" এর সভা।





“রাজশাহী ওয়াসা ভূউপরিস্থিত পানি শোধনাগার” শীর্ষক প্রকল্প চীনা ঠিকাদারী প্রতিষ্ঠান HCEG. এর আমন্ত্রনে চীন সফরকালে হুনান প্রদেশের Depnty Secretary Mr. Lno Gianjun. এর সাথে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব জনাব হেলালুদ্দীন আহমদ এর প্রকল্প সংক্রান্ত আলোচনা সভা।

ঘ). মুজিববর্ষে কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত বিশেষ কর্যক্রম।

| ক্রমঃ | রাজশাহী ওয়াসার কর্মপরিকল্পনা মোতাবেক কর্মসূচি |
|---|---|
| ১। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ। |
| ২। | কর্মকর্তা/কর্মচারীদের মাঝে মুজিব বর্ষের লগো সম্বলিত গেঞ্জি, ব্যাচ, কোটপিন, সুভেনির বিতরণ। |
| ৩। | কেক কাটা ও গরিব শিশুদের মাঝে বিতরণ। |
| ৪। | জুম অ্যাপসের মাধ্যমে 'বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণ' শীর্ষক আলোচনা। |
| ৫। | কোরআন খানি, মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠান। |
| ৬। | মাসব্যাপী বিশেষ পানি সেবা প্রদান। |
| ৭। | খাদ্য সহায়তা বিতরণ। |
| ৮। | বৃক্ষরোপন কর্মসূচি। |

২৮/১/২০২০


সুলতান আব্দুল হামিদ
ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী ওয়াসা, রাজশাহী
ফোন নং- ০৭২১-৭৬১৬৪০
**E-mail:** rajshahiwasa@gmail.com